

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।

স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.২০০.২০১৯/৬৭০৪/৪

তারিখ: ২৭/০৮/১৪২৬ বঙ্গাব্দ:  
১১/১২/২০১৯ খ্রিস্টাব্দ

বিষয় : বগুড়া জেলার বগুড়া মহিলা কলেজের ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়ের প্রভাষকের পদ সমন্বয়।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বগুড়া জেলার বগুড়া মহিলা কলেজের অধ্যক্ষ তার কলেজের উচ্চ মাধ্যমিক পর্যায়ে ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়ের সহকারী অধ্যাপক জনাব মোঃ রাজাদুল হক এর অবসর জনিত শূন্য পদে ডিগ্রি স্তরে নিয়োগ প্রাপ্ত জনাব শারমীন আকতারকে সমন্বয় করার অনুমতি চেয়ে আবেদন করেন।

প্রতিষ্ঠানটি উচ্চ মাধ্যমিক পর্যায়ে এমপিওভুক্ত। ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়ে কেউ এমপিওভুক্ত নেই। বর্ণিত বিষয়ের জনাব মোঃ রাজাদুল হক এর অবসর গ্রহণ করায় পদটি শূন্য হয়েছে। সুতরাং ডিগ্রি পর্যায়ে নিয়োগপ্রাপ্ত জনাব শারমীন আকতারকে উচ্চ মাধ্যমিক পর্যায়ে শূন্য পদে সমন্বয়ের সুযোগ রয়েছে।

জনবল কাঠামো-২০১৮ এর ৯ (ii) ধারায় বর্ণিত আছে- “প্যার্টার্নভুক্ত পদ কোন কারণে শূন্য হলে বিষয়ভিত্তিক শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে এমপিওভুক্ত উদ্বৃত্ত পদ হতে উক্ত পদে শিক্ষক-কর্মচারী সমন্বয় করতে হবে। এমপিওভুক্ত উদ্বৃত্ত পদের শিক্ষক কর্মচারীদের সমন্বয়ের পর অবশিষ্ট শূন্য পদে উচ্চ মাধ্যমিক ও ডিগ্রি (পাস) স্তরে বিধি মোতাবেক নিয়োগপ্রাপ্ত এমপিওভুক্ত নয় এমন একই বিষয়/পদে শিক্ষক/কর্মচারীগণকে প্যার্টার্নভুক্ত শূন্য পদের বিপরীতে জ্যেষ্ঠতার ভিত্তিতে সমন্বয় করতে হবে”।

এমতাবস্থায়, ডিগ্রি পর্যায়ে নিয়োগপ্রাপ্ত জনাব শারমীন আকতার, প্রভাষক (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি) এর নিয়োগ প্রক্রিয়া যথাযথ হলে এমপিওভুক্তির জন্য অনলাইনে আবেদন করতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

অধ্যক্ষ

বগুড়া মহিলা কলেজ, বগুড়া।

১১.১২.১৭

(মো. আবদুল কাদের)

সহকারী পরিচালক (ক-৩)

ফোন নং-৯৫৫৬০৫৭

অনুলিপি:

- ১। উপপরিচালক, আঞ্চলিক কার্যালয়, রাজশাহী।
- ২। সভাপতি, বগুড়া মহিলা কলেজ, বগুড়া।
- ৩। জেলা শিক্ষা অফিসার, বগুড়া।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, বগুড়া।